কালের কণ্ঠ
চাকরি আছে
chakriache@kalerkantho.com

বুধবার
৬ এপ্রিল ২০১৬
২৩ চৈত্র ১৪২২
www.kalerkantho.com

টেক্সটাইল শিল্প

# বিনা মূল্যে প্রশিক্ষণ পাবে ৩০ হাজার সঙ্গে ভাতা



**৩০ হাজার ৯৬০ জনকে প্রশিক্ষণ দেবে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ)। স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট (সেপ) প্রকল্পের অধীনে বিনা মূল্যে এ প্রশিক্ষণ দেওয়া হবে। বিস্তারিত জানাচ্ছেন রায়হান আহমদ আশরাফী**

স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট (সেপ) প্রকল্পের বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের (বিটিএমএ) প্রশিক্ষণ কার্যক্রমের চিফ কো-অর্ডিনেটর ও সাবেক যুগ্ম সচিব **এইচ এম মাহফুজুর রহমান** জানান, টেক্সটাইল খাতে দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে সারা দেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। প্রকল্প কো-অর্ডিনেটর (ফিন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট) **মো. এনতাজ আলী** জানান, আগামী তিন বছরে এ প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। প্রথম বছরে ছয় হাজার ১৯২ জন, দ্বিতীয় বছরে ১০ হাজার ৮৩৬ এবং তৃতীয় বছরে ১৩ হাজার ৯৩২ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে।

## প্রশিক্ষণের বিষয়

কোর্সগুলোকে তিন ভাগে ভাগ করা হয়েছে—বেসিক, ইন্টারমিডিয়েট ও অ্যাডভান্সড। ২০টি বেসিক প্রশিক্ষণ কোর্স হলো—ফান্ডামেন্টালস অব ইয়ার্ন ম্যানুফেকচারিং, ব্লুরুম : বেসিকস অ্যান্ড অপারেশনস, কার্ডিং : বেসিকস অ্যান্ড টেকনিকস, রিং ফ্রেম : বেসিকস অ্যান্ড টেকনিকস, কোয়ালিটি কন্ট্রোল ইন স্পিনিং, ওয়েভিং ফান্ডামেন্টালস, বেসিক ওভেন স্ট্রাকচার, নিটিং ফান্ডামেন্টালস, ওয়ার্কিং উইথ সার্কুলার নিটিং মেশিন, ওয়ার্কিং উইথ ভি বেড নিটিং মেশিন, ওয়ার্কিং উইথ ওয়েভিং ক্যাড, প্রিপারেটরি প্রসেস ইন ওয়েভিং, ফান্ডামেন্টালস অব ডাইং, ফান্ডামেন্টালস অব প্রিন্টিং, কোয়ালিটি ম্যানেজমেন্ট ইন ডাইং অ্যান্ড প্রিন্টিং, শেডস অ্যান্ড শেড অ্যাসেসমেন্ট, ইটিপি : ফান্ডামেন্টালস অ্যান্ড অপারেশন, প্যাটার্ন অ্যান্ড মার্কার মেকিং ফান্ডামেন্টালস, সুইং বেসিকস অ্যান্ড সুইং মেশিনস এবং ওয়ার্কিং উইথ গার্মেন্টস ক্যাড। বেসিক প্রশিক্ষণ কোর্সের মেয়াদ এক মাস বা ৮০ ঘণ্টা। ইন্টারমিডিয়েট পর্যায়ের আটটি কোর্সের মেয়াদ দুই মাস বা ১৬০ ঘণ্টা। কোর্সগুলো হলো—ইয়ার্ন ম্যানুফেকচারিং টেকনোলজি, ফেব্রিক স্ট্রাকচার অ্যান্ড ডিজাইন, ওয়েভিং টেকনোলজি, নিটিং টেকনোলজি, ওয়েট প্রসেসিং টেকনোলজি, ফিনিশিং টেকনোলজি, গার্মেন্টস ক্যাড : ফ্রম প্যাটার্ন টু মার্কার এবং অ্যাপারেল মার্চেন্ডাইজিং বেসিকস। অ্যাডভান্সড পর্যায়ের চারটি কোর্স হলো—মডার্ন টেকনোলজি ইন ইয়ার্ন ম্যানুফেকচারিং, ওয়েভিং, নিটিং এবং ওয়েট প্রসেসিং। কোর্সগুলোর ব্যাপ্তি ১২ ঘণ্টা।

## আবেদনের যোগ্যতা

বিটিএমএ সেপ প্রকল্প কো-অর্ডিনেটর (ইভ্যালুয়েশন অ্যান্ড মনিটরিং) **এস এম নাজমুল হুদা** জানান, বেসিক ও ইন্টারমিডিয়েট পর্যায়ের কোর্সগুলোতে নতুনরা অংশ নিতে পারবেন। বিভিন্ন ফ্যাক্টরিতে যাঁরা কাজ করছেন তাঁদের জন্য অ্যাডভান্সড লেভেলের কোর্স। কর্মকর্তাদের আপস্কিলিং বা দক্ষতা বাড়াতে এসব কোর্স করানো হবে। সব কোর্সে বয়স হতে হবে ১৮ থেকে ৬০ বছরের মধ্যে। বেসিক ও ইন্টারমিডিয়েট কোর্সে যোগ্যতা অষ্টম শ্রেণি। তবে পঞ্চম শ্রেণি পাস বা অক্ষরজ্ঞান থাকলেই আবেদন করা যাবে। অ্যাডভান্সড কোর্সে অংশ নেওয়ার যোগ্যতা এইচএসসি।

## আবেদনের নিয়ম ও বাছাই প্রক্রিয়া

এরই মধ্যে প্রশিক্ষণ কার্যক্রমে ভর্তি শুরু হয়ে গেছে। এস এম নাজমুল হুদা জানান, প্রশিক্ষণ সম্পর্কে সাধারণ মানুষকে জানাতে পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়া হয়। যে প্রতিষ্ঠানগুলোতে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে তার সামনেও প্রশিক্ষণার্থীদের দৃষ্টি আকর্ষণের জন্য বড় আকারের নোটিশ বোর্ড লাগানো হয়। আগ্রহীদের সাদা কাগজে নিজের নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, কোন বিষয়ে প্রশিক্ষণ নিতে আগ্রহী, যোগাযোগের নম্বর লিখে ছবি এবং ভোটার আইডি বা জন্মনিবন্ধনের ফটোকপিসহ আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনপত্র বিটিএমএসেপ প্রকল্পের প্রধান কার্যালয়ে বা প্রার্থীর নিকটস্থ যে প্রতিষ্ঠানে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে সেখানে জমা দিতে পারেন। প্রধান কার্যালয়ে জমা দেওয়া আবেদনপত্র পরে প্রার্থীর কাছাকাছি প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়। তাই আবেদনপত্র সরাসরি প্রার্থীর কাছের প্রশিক্ষণ কেন্দ্রে জমা দেওয়াই ভালো। প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পান। প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে কোনো পরীক্ষা নেওয়া হয় না। এক ব্যাচে সুযোগ না পেলে পরের কোর্সে তাঁদের সুযোগ দেওয়ার চেষ্টা করা হয়। মোট প্রশিক্ষণার্থীর ২৫ শতাংশ নারী অংশ নেওয়ার সুযোগ পাবেন।

## প্রশিক্ষণ পদ্ধতি

ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড রিসার্চে (নিটার) বেশির ভাগ কোর্স করানো হয়। পাশাপাশি বিভিন্ন ফ্যাক্টরিতেও কোর্স করানো হয়। প্রশিক্ষণ কোর্সে প্রতিটি ক্লাসের সময় পাঁচ ঘণ্টা। এর মধ্যে এক ঘণ্টা তত্ত্বীয় এবং চার ঘণ্টা ব্যবহারিক। ক্লাস নেন বিভিন্ন টেক্সটাইল শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক এবং বিভিন্ন টেক্সটাইল মিলের ঊর্ধ্বতন কর্মকর্তারা। এস এম নাজমুল হুদা বলেন, প্রতিটি বিষয়ের মৌলিক ধারণা বা যেসব বিষয় না জানলেই নয়, তা শেখানো হয় বেসিক কোর্সে। ইন্টারমিডিয়েট কোর্সে শেখানো হয় বিষয়গুলোর প্রয়োগ। আধুনিক ও উন্নতমানের যন্ত্রপাতির ব্যবহার এবং এর মাধ্যমে কিভাবে উৎপাদন বাড়ানো যায় ইত্যাদি বিষয় শেখানো হয় অ্যাডভান্সড কোর্সে।

## কোর্স শেষে সনদ ও চাকরি

কোর্স শেষে প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন পরীক্ষা নেওয়া হবে। উত্তীর্ণরা পাবেন সনদপত্র। বিনা খরচে প্রতিটি কোর্স করা যায়। উপরন্তু ভাতা হিসেবে দেওয়া হয় তিন হাজার টাকা। প্রকল্পের নিয়মানুযায়ী ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীর চাকরির ব্যবস্থা করার কথা রয়েছে। একজন প্রশিক্ষিত কর্মী অদক্ষ কর্মীর চেয়ে ভালো কাজ করতে পারেন। কোর্স শেষে অনেক প্রশিক্ষণ প্রতিষ্ঠানই তাদের নিয়োগ দিয়ে থাকে।

## খোঁজ জানবেন যেভাবে

বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন বিটিএমএর কার্যালয়ে স্কিলস ফর অ্যামপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট (সেপ) প্রকল্পের অফিসে প্রশিক্ষণ সম্পর্কে তথ্য পাওয়া যাবে। যোগাযোগ করতে পারেন—ইউনিক ট্রেড সেন্টার, লেভেল-৮, ৮ পান্থপথ, কারওয়ান বাজার, ঢাকা ঠিকানায়। তথ্যের জন্য ইমেইল করতে পারেন info@btma-seip.com ঠিকানায়। তথ্য পাবেন প্রজেক্টের ওয়েবসাইট (www.btma-seip.com) ও ফেসবুক পেইজে (www.facebook.com/BTMA.SEIP)। আগ্রহীরা বর্তমানে যেসব কেন্দ্রে প্রশিক্ষণ চলছে, সেখানে যোগাযোগ করেও প্রশিক্ষণের খোঁজ জানতে পারবেন।

## প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা

- **স্কয়ার টেক্সটাইলস**
  সারদাগঞ্জ, গাজীপুর।
- **ইসরাক টেক্সটাইল মিলস**
  মাওনা, শ্রীপুর, গাজীপুর।
- **উত্তরা নিটিং অ্যান্ড ডাইং**
  কোনাবাড়ী, গাজীপুর।
- **ভিয়েলা টেক্স**
  মাওনা, গাজীপুর।
- **জাহীন নিটওয়্যার**
  মদনপুর, নারায়ণগঞ্জ।
- **জেকে স্পিনিং**
  কোনাবাড়ী, চন্দ্রা, গাজীপুর।
- **নিটার**
  নয়ারহাট, সাভার, ঢাকা।
- **বার্ডস এ অ্যান্ড জেড**
  ইপিজেড রোড, সাভার।
- **এনজেড ডিওয়াই ফ্লাক্স স্পিনিং**
  গলাকান্দাইল, ভুলতা, নারায়ণগঞ্জ।
- **ডিভাইন ফেব্রিকস**
  সাভার, ঢাকা।
- **আলহাজ করিম টেক্সটাইলস**
  কামালগঞ্জ, সাভার, ঢাকা।
- **ফারিহা স্পিনিং মিলস**
  রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- **সিলভার লাইন কম্পোজিট টেক্সটাইল মিলস**
  মণিপুর, মির্জাপুর, গাজীপুর।
- **মোশারফ কম্পোজিট টেক্সটাইল মিলস**
  মেম্বারবাড়ী, ভবানীপুর, গাজীপুর।
- **ও. এন. স্পিনিং মিলস**
  মেম্বারবাড়ী, ভবানীপুর, গাজীপুর।
- **কামাল ইয়ার্ন**
  স্কয়ার মাস্টারবাড়ী, ভালুকা, ময়মনসিংহ।